## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই পৌষ বুধবার ১৩৬৫ ইংরাজী 31st Dec. 1958 { ৩৩শ সংখ্যা

১০ই পৌষ ১৮৮০ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই পৌষ বুধবার সন ১৩৬৫ সাল।

# বর্ষ বিদায়

—০—

আজ ১৯৫৮ খৃষ্টাব্দের ৩১শে ডিসেম্বর। আজি রাত্রি ১২টার পর হইতে উনিশ শ আটান্নকে মহাকালের সহিত মিশিয়া যাইতে হইবে। তাঁহার স্থানে কার্য্য করিবার জন্য আসিবেন ১৯৫৯ খৃষ্টাব্দ। প্রস্থানোদ্যত খৃষ্টাব্দ নব বর্ষকে চার্জ্জ দিয়া মহাকালের উদ্দেশে যাত্রা করিবার সময় নব বর্ষের বিদায় সম্বর্দ্ধনা লইয়া চলিলেন। যাইবার সময় শ্রী৫৮ শ্রী৫৯কে বলিলেন একটি কথা বলিয়া যাইতে চাই। এই দেশ স্বাধীন হইয়াছে সকলেই বলে কিন্তু এক ব্যক্তির এবং তাঁর পেয়ারা লোকদের খোস খেয়ালে এর শাসনকার্য্য চলিয়া আসিতেছে প্রায় কিছু কম ১২ বৎসর কাল। সম্প্রতি সেই খেয়ালী প্রধান পার্শ্ববর্ত্তী পাকিস্থানের অত্যাচারী হস্তে এই দেশের কিয়দংশ অর্পণ করিয়া কতকগুলি নিরীহ অধিবাসীর দুর্গতির পথ পরিষ্কার করিয়া আমার কার্য্যকালকে কলঙ্কিত করিয়া আপনাকেও খুব হয়রাণীতে ফেলিত। গত মঙ্গলবার দেশের বিধান মণ্ডলীতে তাঁর এই অপকর্ম্ম করার কোনও ক্ষমতা নাই তবুও অধিকারের বহির্ভূত কাজ করিয়া ফেলিয়াছিলেন।

## যা হয়নি কোন কালে
## তা হলো আটান্ন সালে

বলিয়া বিধান মণ্ডলীতে যতগুলি দল আছে সকলে এক সঙ্গে এক বাক্যে এই খেয়ালী শাসকের নিন্দাবাদ করিয়া তাঁহার এক টুকরা জমিও পাকিস্থানকে দিবার অধিকার নাই বলিয়া প্রস্তাব গৃহীত হইয়াছে।

আমার সময়ের গলদ আমি মুছাইবার চেষ্টা করিয়া গেলাম। দেখে গেলাম লোকসভার একটি অনেকের চেয়ে তরুণ বয়স্ক পার্লামেণ্ট সদস্য নাম তাঁর শ্রীত্রিদিবকুমার চৌধুরী। কিছুদিন আগে লোকসভায় প্রধান মন্ত্রীকে যে তেজের সহিত প্রশ্ন করেন এতগুলি অধিবাসীকে অত্যাচারী শাসকদের হস্তে ঠেলিয়া দিবার অধিকার কোথায় পাইলেন? ত্রিদিবকুমারের এই তেজস্বিতা যেন পশ্চিম বাংলার বিধান মণ্ডলীর প্রত্যেক সদস্যকে সংক্রামক রোগের মত পাইয়া বসিল। ১২ বৎসর কাল সব দলে একতা কেউ দেখে নাই। সকলে মনে করিত তেলে জলে যেমন মিশে না, তেমনি এতগুলি ভিন্ন মতের লোক এই দুঃশাসনের জুলুমে একত্রীভূত হইবে তাহা স্বপ্নের অগোচর। কিন্তু আমার বিদায় গ্রহণের পূর্ব্বে কি শুভক্ষণে এঁদের শুভ মিলন হইল যাহাতে অসম্ভব সম্ভব হইল। অল্প অল্প বস্তুর একত্র সংহতি কার্য্যকরী হইয়া থাকে। ক্ষুদ্র ক্ষুদ্র তৃণ একত্রে রজ্জু হইয়া মদমত্ত হস্তীকে বন্ধন করিতে সক্ষম হয়।

অল্পানামপি বস্তূনাং
সংহতি কার্য্যসাধিকা।
তৃণৈর্গুণত্বমাপন্নৈ-
র্বধ্যন্তে মত্ত দন্তিনঃ॥

বিধান মণ্ডলীর মুখ্য মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় অগ্রণী হইয়া এই সর্ব্বদল মিলন সম্পন্ন করিয়া মহাভারতের দণ্ডীপর্ব্বে দুর্য্যোধনের মত বিবদমান জ্ঞাতি পাণ্ডবদের সহিত মিলিত হইবার সময় বিবেচনা করিয়াছেন— কুরু পাণ্ডবে বিবাদের সময় আমরা ১০০ এবং পাণ্ডবেরা ৫ জন। কিন্তু যখন অন্যের সঙ্গে আমাদের বিবাদ হইবে তখন আমরা ১০৫ ভাই। পীড়িতা বঙ্গমাতার রোগ নিরাময় করিবার সময় ডাঃ রায়ের এই ব্যবস্থাই সুব্যবস্থা। জননী বঙ্গভূমির রোগ (Rogue) নিবারণ বিজ্ঞ ডাক্তারের আয়ত্তাধীন। বক্ষ পরীক্ষার যন্ত্র না লাগাইয়া নিষ্ঠুর শাসকের হৃদয় পরীক্ষার এই সুযোগ। ভারতের রাজকর্ম্মচারী ও তাঁহার পত্নীর লাঞ্ছনা অবগত হইয়াও যিনি বা যাঁহারা সেই লাঞ্ছনাকে ছোট খাট অত্যাচার মনে করেন তাঁহাদের হৃদয় কত নিম্নস্তরের তাহা বিনা ষ্টেথিস্কোপেই বুঝিতে পারা ডাক্তার রায়ের পক্ষে একটুও কঠিন নয়।

পুরাতন বর্ষ বিদায় ও নব বর্ষ আগমন সময়ে পশ্চিম বঙ্গের আইন সভায় যে একতা দেখা দিয়াছে, তাহা আগামী বর্ষের সুফল সূচনা করিতেছে।

---

## গমজাত দ্রব্যের সর্ব্বোচ্চ মুল্য

মুর্শিদাবাদ জেলার জন্য গমজাত দ্রব্যের সর্ব্বোচ্চ মূল্য নিম্নরূপ ধার্য্য হইয়াছে।

| দ্রব্যের নাম | মণ প্রতি পাইকারি মূল্য | সের প্রতি খুচরা মূল্য |
|---|---|---|
| ১। আটা | ১৬.৫০ নঃ পঃ | ০.৪৫ নঃ পঃ |
| ২। ময়দা | ২২.৩১ নঃ পঃ | ০.৬০ নঃ পঃ |
| ৩। সুজি | ২৩.৫০ নঃ পঃ | ০.৬৩ নঃ পঃ |


জেলা প্রচার অফিস

---

## কলিকাতায় নারী সংখ্যার অনুপাত সর্ব্বাপেক্ষা কম

রাষ্ট্রসংঙ্ঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থার গবেষণা কেন্দ্রের উদ্যোগে অনুষ্ঠিত আলোচনা চক্রে বক্তৃতাকালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ এস. এন. সেন বলেন যে, কলিকাতা ভারতের বৃহত্তম সহর হইলেও এখানে পুরুষের তুলনায় নারী সংখ্যার অনুপাত সর্ব্বাপেক্ষা কম। অধ্যাপক সেন বলেন, কলিকাতা প্রধানতঃ পুরুষ ও প্রাপ্তবয়স্কদের সহর। অধিকাংশ সংসারেই স্বাভাবিক পারিবারিক জীবনের অভাবই স্থায়িত্বে অভাবের গুরুত্বপূর্ণ কারণ। এ সহরে শিশু ও নারী না আসার কারণ অনুসন্ধান করিলে সমাজতত্ত্ব সংক্রান্ত বহু চমকপ্রদ তথ্যের সন্ধান পাওয়া যাইবে বলিয়া তিনি মনে করেন। অধ্যাপক সেন বলেন, পুরুষের তুলনায় নারী কম হওয়ার ফলে অধিকাংশ সংসার মাত্র একজন লোককে লইয়া গঠিত। তাহাদের অধিকাংশের আয় খুবই কম এবং খুব অস্বাস্থ্যকর পরিবেশে তাহারা বাস করে। সেজন্যই এই সহরে রাজনৈতিক ও সামাজিক উত্তেজনা এত বৃদ্ধি পাইয়াছে। —প্রেঃ ইঃ ব্যুঃ

# উপঢৌকনে উপদ্রব



কপালের কর্ম্মভোগ
ঝাঁকা-মুটের মুষ্টিযোগ!

ঝাড়ুদার—সাচ্চা সাহেব আচ্ছা কিয়া
বিলকুল চিজ ফেক্ দিয়া।

## গরু চোরের মৃত্যু

বিগত ৮ই পৌষ বুধবার রাত্রিতে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত রাণীনগর গ্রামের শ্রীগয়ানাথ মণ্ডলের বাড়ীতে গরু চুরি করিতে গিয়া উক্ত গ্রামের হোসেন সেখ ধরা পড়ে। পর দিন দফাদার ও চৌকিদার তাহাকে থানায় আনে। থানায় আনিবার অল্পক্ষণ মধ্যেই হোসেন মারা যায়। বীরভূম জেলার কোন এক গ্রামে ডাকাতি করার জন্য হোসেনের বিরুদ্ধে মামলা দায়ের আছে বলিয়া প্রকাশ।

## জমি বিক্রয়

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ৫নং ওয়ার্ডে সদর রাস্তার উপর ১০ শতক গৃহ নির্ম্মাণ উপযোগী জমি বিক্রয় হইবে।

শ্রীদিগম্বর চট্টোপাধ্যায়
রঘুনাথগঞ্জ।

## নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আগামী ইং ৭।১।৫৯ তারিখ বেলা ১২ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর এজলাসে জঙ্গীপুর মহকুমা এলাকাধীন জলকরসমূহ ১৩৬৬ সালের জন্য এবং কিছু সংখ্যক ১৩৬৫ সালের অবশিষ্ট সময়ের জন্য প্রকাশ্য নিলামে নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে বন্দোবস্ত করা হইবে।

জলকরের তালিকাসহ বিশদ বিবরণ ও নিলামের সর্ত্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে, বিভিন্ন সরকারী দপ্তরে, মিউনিসিপ্যাল দপ্তরসমূহে এবং ইউনিয়ন বোর্ড অফিসসমূহে দেখিতে পাওয়া যাইবে।

Sd/- S. Chowdhury
মহকুমা শাসক, জঙ্গীপুর।

## বিজ্ঞাপন

এই জেলার সমসেরগঞ্জ থানার অন্তর্গত ধুলিয়ান গাঁজা, ফরাক্কা থানার অন্তর্গত নয়নসুখ গাঁজা ও দেশী মদ, খড়গ্রাম থানার অন্তর্গত খড়গ্রাম দেশী মদ, বড়ঞা থানার অন্তর্গত পাঁচথুপী আফিম, নবগ্রাম থানার অন্তর্গত নবগ্রাম দেশী মদ ও গাঁজা ও ভরতপুর থানার অন্তর্গত সালার গাঁজা ও আফিমের দোকান বন্দোবস্ত করার জন্য ৮০ বার আনা মূল্যের কোর্টফি সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তে দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান ও স্থায়ী বাসস্থান, বয়স, যোগ্যতা ও আথিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ২০।১।৫৯ তারিখ পর্য্যন্ত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে গ্রহণ করা হইবে।

Sd/- R. K. Biswas
কালেক্টার, মুর্শিদাবাদ পক্ষে অন্তঃ শুল্কাধ্যক্ষ।
২৬।১২।৫৮

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৵০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**অরবিন্দ এণ্ড সন্স**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র
১৫ই পৌষ, ১৩৬৫. ইং ৩১শে ডিসেম্বর, ১৯৫৮

## *রঘুনাথগঞ্জ সেবা শিবিরের ৪র্থ বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা*

গত ২৫শে ডিসেম্বর বৃহস্পতিবার রঘুনাথগঞ্জ সেবা শিবিরের চতুর্থ বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। উক্ত অনুষ্ঠানে জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় সভাপতিত্ব করেন এবং তাঁহার সহধর্ম্মিণী পুরস্কার বিতরণ করেন। ক্রীড়া-প্রতিযোগিতা দেখিবার জন্য বহু লোকের সমাগম হইয়াছিল। তন্মধ্যে বালক বালিকাগণের সংখ্যাই বেশী।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১২ই জানুয়ারী ১৯৫৯*

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৯৯ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং অনিলকুমারী দত্ত দিং দাবি ২১ টাকা ১৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৩-৮৩ শতকের কাত ৮৸৶৯ আঃ ১০৲ থং ১৩৩ স্থিতিবান স্বত্ব

২০০ থাং ডিঃ ঐ দেং ফুলুপদ দত্ত দিং দাবি ৪২ টাকা ৪১ নঃ পঃ মৌজাদি ঐ ১২-৯১ শতকের কাত ২৮৷৵১০ নিজাংশে ১৮॥/৭ আঃ ১০৲ থং ৯৪ ঐ স্বত্ব

২২৫ থাং ডিঃ ঐ দেং তারাপদ রায় দাবি ৩৫ টাকা ৪৬ নঃ পঃ মৌজাদি ঐ ৬-৪২ শতকের কাত ১৬৶০ আঃ ১০৲ ঐ স্বত্ব

১৬১ থাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং মামিনা খাতুন বিবি দাবি ১৫ টাকা ৬৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিজ বাঘা ৮৭ শতকের কাত ৩৶১২ আঃ ৫৲ থং ১২৬

১৬২ থাং ডিঃ ঐ দেং রাধাবল্লভ মণ্ডল দিং দাবি ১৬ টাকা ৯২ নঃ পঃ থানা ঐ মৌজে হাসাম ৬০ শতকের কাত ১৲ আঃ ১০৲ থং ১৭৯

১৬৫ থাং ডিঃ ঐ দেং ধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় দিং দাবি ৫০ টাকা ১৫ নঃ পঃ থানা ঐ মৌজে নিজ বাঘা ২-৪১ শতকের কাত ১৩৷৵৫ আঃ ২৫৲ থং ১৯৭ রায়ত স্থিতিবান

১৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৫৲ মৌজাদি ঐ ২-৬০ শতকের কাত ১২/১০ আঃ ২৫৲ থং ১৯৯ রায়ত স্থিতিবান

৭১ মনি ডিঃ কানাইলাল ভকত দেং নন্দকিশোর ভকত দাবি ১০৮৩ টাকা ৫৫ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে দোহাইল ডাঙ্গাপাড়া জমা ৬৩৲ টাকা জমি ৪-৪১ শতক আঃ ১০০০৲ রায়ত স্থিতিবান

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৫৯*

১৯৫৮ সালের ডিক্রীজারী

৬২ থাং ডিঃ অজিতকুমার চৌধুরী দিং দেং হেফাজত সেখ দাবি ১৬ টাকা ৯১ নঃ পঃ থানা ফরক্কা মৌজে কেন্দুয়া ৬৯ শতকের কাত ।/১০ আঃ ৫৲ থং ৯৮ রায়ত স্থিতিবান

৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭ টাঃ ১২ নঃ পঃ থানা ঐ মৌজে সাহানগর ৬৬ শতকের কাত ॥৬ আঃ ৫৲ থং ৫১ রায়ত স্থিতিবান

৬৩ থাং ডিঃ ঐ দেং মজিদ সেখ দিং দাবি ১৮৲ টাকা ৩৪ নঃ পঃ থানা ঐ মৌজে সাহানগর ৩১ শতকের কাত ৸/০ আঃ ১০৲ থং ২৫ রায়ত স্থিতিবান

৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯ টাকা ৯৮ নঃ পঃ থানা ঐ মৌজে ঐ ২৫ শতকের কাত ৸/০ আঃ ৫৲ থং ৫৬ রায়ত স্থিতিবান

৮৩ থাং ডিঃ যুগলপ্রসাদ ভকত দিং দেং শচীন্দ্র-নাথ শিকদার দাবি ৫৪ টাকা ৫ নঃ পঃ থানা ফরক্কা মৌজে কুলী ১ বিঘা জমির কাত ১৫৲ আঃ ১০৲ থং ৭১৪ কোর্ফা স্বত্ব

৮ মনি ডিঃ জগবন্ধু দত্ত দিং দেং জগদীশপ্রসাদ ভকত দিং দাবি ২৪২ টাকা ১৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ২ শতকের কাত ৫৲ আঃ ৫০৲ থং ৮৪১ স্বত্ব চাঁদনি পাকা ঘর; ২নং লাট থানা ঐ মৌজা ঐ ৫ শতকের কাত ॥৵০ আঃ ৫০৲ থং ১৩৮৬ কোর্ফা স্বত্ব পাকা ঘর

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।